world AIDS day 1997

বিশ্ব এইড্‌স দিবস উদ্‌যাপন কমিটি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বিশ্ব এইড্‌স দিবস '৯৭
১লা ডিসেম্বর

concept+design turn communications

বাণী



বিশ্বব্যাপী এইড্‌স-এর বিস্তার মানব জাতির জন্য এক অভিশাপ। এই রোগ সম্পর্কে বিশ্বব্যাপী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে 'বিশ্ব এইড্‌স দিবস' পালন একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

এ বছর প্রতিপাদ্য বিষয় 'এইড্‌স আক্রান্ত বিশ্বে শিশুরা' সময়োপযোগী বলে আমি মনে করি। জাতির ভবিষ্যৎ শিশুদের কল্যাণকে অগ্রাধিকার দিয়ে এ রোগ প্রতিরোধের উপায় সম্পর্কে জনগণকে সচেতন করে তুলতে হবে। সরকারী উদ্যোগের পাশাপাশি আমি চিকিৎসক, স্বাস্থ্য ও সমাজকর্মী এবং সচেতন ব্যক্তিদের এ ব্যাপারে অগ্রণী ভূমিকা পালনের আহবান জানাই।

আমি দিবসটির সার্বিক সাফল্য কামনা করি।

বিচারপতি সাহাবুদ্দীন আহমদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী



আজ পহেলা ডিসেম্বর, বিশ্ব এইড্‌স দিবস।
আজ এটা জ্ঞাত যে, এশিয়া মহাদেশে বিশেষ করে দক্ষিণ পূর্ব অঞ্চলীয় দেশগুলোতে এইড্‌স মহামারী আকার ধারণ করেছে। বাংলাদেশের পার্শ্ববর্তী দেশসমূহ যথা ভারতবর্ষ, মিয়ানমার থাইল্যান্ড, নেপাল-এ আজ এইড্‌স এর ভয়াবহতা কারও অজানা নয়।

জন্মগতভাবে এইড্‌স রোগে আক্রান্ত শিশুর ভবিষ্যৎ সমগ্র বিশ্বে এক ভয়াবহ বিপর্যয়ের মুখোমুখি দাঁড়িয়েছে। কাজেই স্বাস্থ্য সেবার সকল পর্যায়ে এইড্‌স প্রতিরোধ কার্যক্রমকে সম্পৃক্ত করা অত্যন্ত প্রয়োজনীয়। পারস্পারিক সহযোগিতা, অভিজ্ঞতা বিনিময় এবং ধর্মীয় জীবন বোধের উপর ভিত্তি করে এইড্‌স আক্রান্ত বিশ্বে শিশুদের রক্ষার জন্য এ বছরের অঙ্গীকারের সাথে আসুন আমরা সকলে একাত্মতা প্রকাশ করে এইড্‌স প্রতিরোধ কার্যক্রমে নিজেদেরকে সম্পৃক্ত করি।

উন্নয়নশীল দেশগুলোতে আক্রান্ত শিশুদের অতিসত্বর মৃত্যু হয় এইড্‌স-এ। দারিদ্রজনিত করণে ধনী দেশগুলোর তুলনায় দরিদ্র দেশগুলোতে শিশুর মৃত্যু হার অনেক বেশী। তাই সকলকে এগিয়ে আসতে হবে এইড্‌স রোগ সংক্রমণ, বিস্তার ও প্রতিরোধকল্পে সঠিক কার্যক্রম, পরিকল্পনা ও তার বাস্তবায়নে। সকল নাগরিককে এগিয়ে আসতে হবে সাহায্যের হাত বাড়িয়ে। সরকারের সঙ্গে এক লক্ষ্যে এক হয়ে এইড্‌স প্রতিরোধের কার্যক্রমে অংশগ্রহণ করে দেশ তথা জাতিকে এইড্‌স এর রোষানল থেকে বাঁচাতে হবে।

আমি এই দিবসের সাফল্য কামনা করি।

সালাহ্ উদ্দিন ইউসুফ
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী



বিশ্বে আজ প্রায় ২৩ লক্ষ লোক এইচআইভি ও এইড্‌স ব্যাধিতে আক্রান্ত। এক ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে, যেখানে সত্যিকার অর্থে এইড্‌স রোগের চিকিৎসা দ্বারা আরোগ্য নেই এবং এ পর্যন্ত এর প্রতিষেধকও আবিষ্কৃত হয়নি। কাজেই এইড্‌স রোগের ধারা অব্যাহত থাকলে আগামী বছরগুলোতে বিশ্বের সভ্যতা বিপন্নের সম্মুখীন হবে। এইড্‌স এই শব্দটি সারা বিশ্বের জন্য হুমকিস্বরূপ। ১৯৯৬ সালে বিশ্বে এইচআইভি/এইড্‌স এবং সে সংক্রান্ত অন্যান্য ব্যাধিতে ১৫ লক্ষ লোকের মৃত্যু হয়। তন্মধ্যে প্রায় সাড়ে তিন লক্ষ ছিল শিশু। বাংলাদেশ সরকার এই ভয়ংকর পরিস্থিতি উপলব্দি করে সম্প্রতি জাতীয় এইড্‌স কমিটি পুনর্গঠন করে। এইড্‌স নিয়ন্ত্রণ ও প্রতিরোধের লক্ষ্যে সক্রিয় কার্যক্রম গ্রহণের জন্য বাংলাদেশ সরকার নীতিগতভাবে অংগিকারাবদ্ধ। সরকার ইতিমধ্যে এইড্‌স নিয়ন্ত্রণের জন্য একটি সুনির্দিষ্ট ও বিস্তারিত নীতিমালা ও কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এইড্‌স নিয়ন্ত্রণকল্পে স্বাস্থ্য সেবার সকল পর্যায়ে এইড্‌স সচেতনতা সম্পৃক্ত করা হচ্ছে। জনগণের অভ্যাস ও আচরণ পরিবর্তনের লক্ষ্যে বাংলাদেশ এইড্‌স প্রতিরোধ ও কর্মসূচী প্রকল্প নানা কার্যক্রম পরিচালনা করছে যাতে এইড্‌স বংলাদেশে বিস্তার লাভ করতে না পারে। এইড্‌স এর মারাত্মক পরিণতি সম্পর্কে সর্বশ্রেণীর জনগণের মধ্যে ব্যাপক সচেতনতা ও সাবধানতা এবং গৃহীত কর্মসূচী বাস্তবায়নে আন্তরিক সহযোগিতা আমাদের কাম্য।

আমি এই দিবসের সাফল্য কামনা করি।

মোহাম্মদ আলী
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Children & HIV/AIDS

Major General M. R. Choudhury
Chairman, Technical Committee, NAC, Bangladesh

Introduction

A pandemic is raging across this planet for the last one and half decades, the type of which has never been recorded before in the human history. Mankind is almost helplessly observing the relentless strides of its causative agent, an infinitesimally small 'animalcule'. It is called HIV, the virus responsible for the deadly disease AIDS. By now the virus has touched almost all the countries of the world & has unfolded its myriad of sinister effects on mankind. Unfortunately children also happen to be the victims of this scourge.

World AIDS Day (WAD) / World AIDS Campaign (WAC)

This year's WAD introduces WAC focusing on children with the pertinent slogan: "Children Living in a World with AIDS". The United Nations Convention on the Rights of Child defines children as all human beings under the age of 18 years.

The children population & the risk

One fifth of the global population is between the ages of 10 & 19. In DCs young people up to age 25 often constitute almost half of the population. There are about 100 million street children in the world mostly inhabiting the developing countries (DCs), many of whom are orphans & destitutes. Street living is mainly due to poverty. (Mann et al 1992, pp293).

Orphans

Because of the existence of various definitions of 'orphanhood', counting of orphans becomes difficult. Most of the organizations now define orphans as those children who have lost one or both parents to AIDS.(UNAIDS, 1997). The situation is more complicated by the fact that those who have lost one parent to AIDS are also likely to lose the other. Orphans run greater risk of contracting HIV.

The staggering number of orphans : The DCs are worst affected

According to UNAIDS estimation, by mid 1996, 9 million children under 15 years had already lost their mothers. More than 90% of these live in Sub-Saharan Africa (SSA). In Uganda for example, $1.2X10^6$ under the age of 18 years have lost one parent to AIDS. This figure is increasing by 50,000 every year (US Bureau of the Census & World Bank, 1997). In Zimbabwe, children orphaned by AIDS are the largest & the faster growing category in difficult circumstances (UNICEF-1997). In Thailand, more than 100,000 children under 15 years would lose their mothers by the end of this decade. (Figure 1)

WHO predicts that by the end of this century there will be 10 million unaccompanied (orphaned, runaway) children in the SSA due to HIV, three times the current estimates due to all other causes.

Staggering number of orphans



In a study on the 10 countries of Central & East Africa, UNICEF reported that by 1999, AIDS will have orphaned nearly 11% of the children of these countries & thereby increasing as much as 43 % of deaths of children under 5 (Mann et al, 1992,pp668;163)

Orphanhood & HIV

In the orphanages of Port-au-Prince, Haiti, more than 50% of the children under 18 months of age are infected with HIV. Sau Paulo, Brazil, 9% children were found positive in state institution. In Rakai district of Uganda 12.5 % of the children under 18 years were orphans & 66% of them were found to be HIV positive (Mann et al, 1992, pp668,164).

Modes of infection

A. Vertical

About 90% of the children under the age 15 years acquire the virus from their infected mothers, usually during pregnancy, during delivery or through breastfeeding.(UNAIDS, 1997).

The probability of vertical transmission in DCs is more in comparison to industrialized countries (ICs). The findings of '1994-breakthrough' in the field of HIV transmission by American & French researchers showed that long regimen of the drug ZDV administered to HIV positive women during pregnancy & to their newborns reduced the mother to child transmission by 68%. Unfortunately this regimen is costly (costs about US$1000/case) & thus not accessible to the mothers of poorer countries where usually the per capita health expenditure is only about US$14. Most studies indicate that babies run a 1 in 7 risk of being infected with HIV through breastfeeding. Table -1 depicts some of the points of difference between DCs &ICs with regard to breastfeeding.

Table - 1 Breastfeeding : DCs/ICs

Points	BREASTFEEDING (BF)	
	DCs	ICs
Prevalence of BF	More common	Less common
Importance of BF	Important as it offers protection to childhood dise common in DCs	Not so important as childhood diseases, less common
Mother's milk	Freely available, no cost involved	—
Infant formula	Costly. Risk of water borne diseases	Can afford the cost & preparation can be hygienic

B. Parental

1. Unsafe blood transfusion

In many countries of the developing world unsafe blood transfusion is still practiced that evidently is extremely hazardous.

2. IDU

There are instances when HIV transmission can occur in children particularly among street children from shared needles in the process of drug injections.

C. Sexual

Huge number of street children in DCs are affected by HIV. Their seroprevalence rates in Manila and Rio de Janeiro are as high as 40 to 60 percent. They are unlikely to be IDU. Their sexual relations could be complex such as : (a) Consensual pleasure oriented sex with peers, (b) formal or informal sex with adults, (c) High rates of sexual abuses & rapes at the hands of other street kids & establishment figures including police & military.

Children & HIV/AIDS

By the end of 1997 the number of children living with HIV will reach 1,000,000. In 1996 alone an estimated 400,000 children under 15 years were infected with HIV bringing the total at the end of 1996 to 830,000. Of the 1,500,000 who died of AIDS in 1996, 350,000 were under the age of 15 years. Those who escape infection in early childhood are at higher risk of contracting the infection during adolescence. UNICEF says that "AIDS is foremost a disease of the young" ((UNAIDS,1997).

Childhood AIDS in DCs - a more aggressive disease

In DCs AIDS kills children much faster than in ICs. Table -2 depicts the point of difference.

Table - 2 Childhood AIDS in DCs &ICs

Points	ICs	DCs	Remarks
Survival	80% survive up to 3rd Yr 20% survive up to 4th Yr	50% dead by 2nd Yr(Zambia) 66%dead by 3rd Yr(Uganda)	Poor healthservices in DCs, poor nutrition etc.
Disease resemblance	Paediatric AIDS resemble Adult AIDS (PCP, candida & cryptococcal meningitis)	Ordinary childhood disease. Death due to diarrhoea,measles, TB, respiratory diseases (Uganda)	
Access to drugs	Yes	No	

Key:, ICs : Industrialized Countries, DCs : Developing Countries

Effects

US Bureau of Census predicts that the disease will wipe out the improvements in infant & child mortality achieved during the last 10 years if >HIV-spread= were not contained. AIDS may increase infant mortality by as much as 75% & under-5 mortality by more than 100% in worst affected regions.

Bangladesh

Bangladesh is a developing country with a population of nearly 125 million. About one half of our population is below the age 19 (Population & Development Issues in Bangladesh, 1997). Although an epidemic of HIV/AIDS has already started in Bangladesh, it is fortunately in its early stage and the country continues to be a "low prevalence area". This however must not be a cause for any complacence since all the determinants for an explosive epidemic outburst are present in Bangladesh. It, in fact, is a "high-risk area".

Recommendations

From above it will be realized that mankind is facing a serious crisis of an enormous magnitude. The recent breakthroughs like 'triple therapy' in lowering the viral load & 'ZDV therapy' to prevent materno-foetal transmission are far from satisfactory & are beyond the reach of the poor. Discovery of an effective vaccine continues to a far cry. Yet there glimmers a ray of hope & that is: 'HIV-infection' is preventable. In this important effort all the nations of the world are to be united.

It is quite evident that children urgently need special care & support. In 1994, representatives of NGOs through out south & east Africa drew up a 5-point Lusaka Declaration on "Support to Children and Families affected by AIDS". The points are noted below :

1. Keep children of the AIDS affected families in their own communities
2. Efforts should start before death of parent
3. NGOs to identify children at risk of becoming orphans
4. Home based care scheme 'community support teams help parents plan ahead for their children's future
5. NGOs to inform the parents about their legal rights

It is strongly recommended that Lusaka Declaration be implemented.

বাণী

ঘাতক ব্যাধি এইড্‌স বিশ্বে একটি ভয়ঙ্কর সামাজিক সমস্যা হিসেবে আবির্ভূত হয়েছে। পৃথিবীর এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত এ ব্যাধি দ্রুত বিস্তার লাভ করছে- কিন্তু এখনও চিকিৎসা বিজ্ঞান এর কোন প্রতিরোধক অথবা প্রতিষেধক আবিষ্কারে সক্ষম হয়নি। এইড্‌স সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতার অভাব থাকায় এ ঘাতক ব্যাধি বাংলাদেশের মত উন্নয়নশীল দেশেও জাতীয় বিপর্যয় ডেকে আনতে পারে।
এইড্‌স যদিও আমাদের দেশে এখনও তেমন বিস্তার লাভ করেনি তবুও এ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের এখনই প্রকৃত সময় বলে আমি মনে করি।

'বিশ্ব এইড্‌স দিবস ১৯৯৭' উপলক্ষ্যে আমি প্রাণসংহারী এ ঘাতক ব্যাধির উৎস, বিস্তার ও প্রতিরোধ সম্পর্কে ব্যাপক সচেতনতা সৃষ্টি, এ সম্পর্কে যথাযথ প্রচারণা নিশ্চিত করণ এবং প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণের জন্য সরকারি এবং বেসরকারি পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে সময়োচিত উদ্যোগ গ্রহণের আহ্বান জানাই।

পহেলা ডিসেম্বর 'বিশ্ব এইড্‌স দিবস-১৯৯৭' উপলক্ষ্যে গৃহীত কর্মসূচী সফল হোক।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

শেখ হাসিনা
প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী



আজ বিশ্ব এইড্‌স দিবস। এইড্‌স বিষয়ক সচেতনতার লক্ষ্যে এ বছরও এ দিবসটি যথাযথভাবে উদ্‌যাপিত হচ্ছে। 'এইড্‌স আক্রান্ত বিশ্বে শিশুরা' কথাটি বাস্তবিকই উদ্বেগের কারণ।

এইড্‌স পরিবারের শিশু এবং পরিবারে এইড্‌স শিশু এই দু'টি বিষয়বস্তুই অত্যন্ত গুরুত্বপূর্ণ। এখন পর্যন্ত সবচেয়ে আক্রান্ত দেশগুলো হচ্ছে বিশ্বের দরিদ্র দেশগুলো যেমন আফ্রিকার সাব সাহারার দেশগুলোতে ১৪ লাখ শিশু। গত বছরের জরিপে দেখা গেছে যে, দক্ষিণ ও দক্ষিন পূর্ব এশীয় দেশগুলোতে ৫ লক্ষ ২০ হাজার ও ল্যাটিন আমেরিকাতে ১ লক্ষ ৫৭ হাজার এইড্‌স আক্রান্ত শিশুরা রয়েছে। কাজেই, এদেশ এইড্‌স মহামারীতে ভেসে যাওয়ার পূর্বেই আমাদেরকে সুদৃঢ় পদক্ষেপ গ্রহণ করতে হবে, একে প্রতিহত করার উদ্দেশ্যে। নতুবা যে পূর্বাভাস পাওয়া যাচ্ছে তাতে ২০১০ সালে হিউম্যান ইমিউনো ডেফিসেন্সি ভাইরাস, ৫ বৎসরের নিচের শতকরা ৭৫ ভাগ শিশুর মৃত্যুর কারণ হবে আফ্রিকা ও এশীয় দেশগুলোতে। পরিলক্ষিত হয় যে, ১৫ বৎসরের নিচে শতকরা ৯০ জন শিশু এইড্‌স ভাইরাসে আক্রান্ত হয়, আক্রান্ত মা হতে যেমন প্রসবকালে, গর্ভাবস্থায় ও বুকের দুধ দ্বারা। বেশীর ভাগ ক্ষেত্রেই প্রথম ৩ বৎসরে শিশুর মৃত্যু হয়, তবে পশ্চিমা দেশগুলোতে খুব কম শিশুই ১০ বৎসর পর্যন্ত বেঁচে থাকে।

আমি এই দিবসের সার্বিক সাফল্য কামনা করি।

অধ্যাপক ডা: এম, আমানউল্লাহ্
প্রতিমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

MESSAGE

The Theme of this year's World AIDS Campaign and Day is - "Children Living in a World with AIDS ". Although AIDS is a global problem and everybody in society is at risk from it, the impact of AIDS on children is doubly severe. The disease not only effects them directly but indirectly as well, through the debilitation of afflicted family members and care-givers, resulting in the loss of care and support from the family which is so essential for a child. Children who lose parents to AIDS suffer grief and confusion like any orphan, but their grief is often worsened by prejudice and social exclusion, which they are entitled to inherit. The resulting poverty and isolation can create a vicious circle, placing them at a greater risk of contracting HIV themselves.

The first prerequisite of this situation is to recognize the danger early on and not wait for disaster to strike. Society must create support systems and safety nets which protect these children before they are sucked into the vicious circle of deprivation, increased vulnerability to poverty and HIV. AIDS in children and young people is not just a human tragedy but has major economic implications as well, and the economic consequences of a nation loosing a substantial number of its future productive citizens, the children and young, will be severe.

This day provides us an opportunity to create awareness within society, the community, and families, to the plight of children affected by this disease. It provides us with an opportunity to show solidarity with the over eighty three thousand children estimated to be living with AIDS and whose children are likely to be placed in extremely difficult circumstances. We, also, on this day, remember the many children who have already died from this disease. I urge all people in Bangladesh to be supportive and accepting of people and children with AIDS in your community, and to support AIDS prevention and HIV/AIDS awareness activities.

DAVID E. LOCKWOOD
Chairperson UNAIDS Theme Group & UN Resident Coordinator

কিভাবে এইচ,আই,ভি / এইড্‌স ছড়ায়

এইড্‌স আক্রান্ত পুরুষ অথবা মহিলার সাথে অরক্ষিত যৌনমিলনের মাধ্যমে।

এইড্‌স আক্রান্ত ব্যক্তির রক্ত শরীরে গ্রহনের মাধ্যমে।
আক্রান্ত ব্যক্তির ব্যবহৃত সুঁচ বা সিরিঞ্জ জীবাণুমুক্ত না করে পুনরায় ব্যবহার করলে।

আক্রান্ত ব্যক্তির রেজর, ব্লেড বা ক্ষুর জীবাণুমুক্ত না করে পুনরায় ব্যবহার করলে।

আক্রান্ত মা থেকে গর্ভাবস্থায়, প্রসব কালে অথবা বুকের দুধের মাধ্যমে শিশুর শরীরে।

এইড্‌স প্রতিরোধে করণীয়

ধর্মীয় অনুশাসন এবং সামাজিক রীতিনীতি মেনে চলা। যৌন সম্পর্কের ক্ষেত্রে স্বামী-স্ত্রীর পরস্পরের প্রতি বিশ্বস্ত থাকা।

বহুগামীতা ও পতিতালয়ে যাতায়াত পরিহার করা। যদি নিজেকে সংযত রাখা সম্ভব না হয় তবে যৌন মিলনে কনডম ব্যবহার করা।

রক্ত, রক্তজাত দ্রব্য বা অঙ্গ প্রত্যঙ্গ গ্রহনের পূর্বে HIV/AIDS পরীক্ষা করে নেয়া।

একবার ব্যবহারযোগ্য সিরিঞ্জ (ডিসপোজেবল সিরিঞ্জ), নতুন ব্লেড ব্যবহার করা অথবা ব্যবহারের পূর্বে ব্যবহৃত সিরিঞ্জ, চিকিৎসার যন্ত্রাদি, রেজর বা ক্ষুর জীবাণুমুক্ত করে নেয়া।
এইড্‌স আক্রান্ত মায়ের গর্ভধারণ থেকে বিরত থাকা।